রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১৭, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ০২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ/১৭ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং-৩৪৬-আইন/আয়কর/২০২২।—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, চিটাগাং আই ইনফারমারী এ্যান্ড ট্রেনিং কমপ্লেক্স এর ব্যাংক সুদ হইতে অর্জিত আয় ব্যতীত সকল প্রকার দান ও অনুদান হিসাবে প্রাপ্ত আয় এবং অন্ধত্ব প্রতিরোধ, নিবারণ এবং পুনর্বাসনের সহায়ক হিসাবে পরিচালিত বিভিন্ন কার্যক্রম হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ০৫ (পাঁচ) বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় অন্ধত্ব প্রতিরোধ, নিবারণ এবং পুনর্বাসনের লক্ষ্যে উন্নয়নমূলক কার্যক্রমে ব্যয় করিতে হইবে; এবং

(খ) চিটাগাং আই ইনফারমারী এ্যান্ড ট্রেনিং কমপ্লেক্সকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(১৮০৯৯)
মূল্য : টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com